উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কলারোয়া, সাতক্ষীরা।
www.kalaroa.satkhira.gov.bd

## ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমুলক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : কৃষ্ণা রায়
উপজেলা নির্বাহী অফিসার
কলারোয়া, সাতক্ষীরা।
তারিখ : ২৯/১১/২০২৩ খ্রিঃ
সময় : বেলা ১১:০০ ঘটিকা
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, কলারোয়া, সাতক্ষীরা।

উপস্থিত সদস্যগণের হাজিরা সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় ১৪ ডিসেম্বর ২০২৩ শহিদ বুদ্ধিজীবী দিবস পালনের নিমিত্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে ৪৮.০০.০০০০.০০১.৪২.০০১.২৩-০৪ নম্বর স্মারকে প্রাপ্ত আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহীত জাতীয় কর্মসূচি সকলের জ্ঞাতার্থে পাঠ করে শুনানো হয়। সভাপতি জানান যে, ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস আমাদের জাতীয় জীবনে গুরুতপূর্ণ একটি দিন যা মর্মস্পর্শী বেদনার স্মৃতিকে ধারণ করে আছে। এ দিনের হত্যাকাড ছিল পৃথিবীর ইতিহাসে জঘন্যতম এক বর্বর ঘটনা যা বিশ্বের শান্তিকামী মানুষকে স্তম্ভিত করেছিল। এসব শহিদদের আত্মত্যাগের কথা স্মরণে রেখে দিবসটি অত্যন্ত গুরুত্বের সাথে পালনের উদ্দেশ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়।

ইতোমধ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে এ বছরের কর্মসূচি পাওয়া গিয়েছে। উক্ত কর্মসূচির মধ্যে উপজেলার সাথে সম্পৃক্ত নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত হয়।

**১৪ ডিসেম্বর ২০২৩ শহিদ বুদ্ধিজীবী দিবসের কর্মসূচি :**

| ক্রঃ | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ১৪/১২/২০২৩ সকাল ৯:৩০ টা | শহিদদের স্মরণে পুষ্পার্ঘ্য অর্পণ | কলারোয়া সরকারি জি.কে.এম.কে পাইলট হাইস্কুল ফুটবল মাঠস্থ মুক্তিযুদ্ধ স্মৃতি স্তম্ভ | ১) মেয়র, কলারোয়া পৌরসভা, সাতক্ষীরা।<br>২) সহকারী কমিশনার ভূমি), কলারোয়া ।<br>৩) উপজেলা কৃষি অফিসার, কলারোয়া<br>৪) অফিসার ইন-চার্জ, কলারোয়া থানা<br>৫) উপজেলা শিক্ষা অফিসার, কলারোয়া।<br>৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলারোয়া।<br>৭) উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কলারোয়া।<br>৮) স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস সি:ডি: স্টেশন, কলারোয়া।<br>৯) জনাব মোঃ সৈয়দ আলী, প্রা: সাংগঠনিক কমান্ডার, কলারোয়া<br>১০) সভাপতি, পাবলিক ইন্সটিটিউট, কলারোয়া। |
| ২ | ১৪/১২/২০২৩ সকাল ১০:০০ টা | শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা সভা। | উপজেলা পরিষদ অডিটরিয়াম, কলারোয়া | ১) মেয়র, কলারোয়া পৌরসভা, সাতক্ষীরা।<br>২) সহকারী কমিশনার ভূমি), কলারোয়া ।<br>৩) উপজেলা কৃষি অফিসার, কলারোয়া<br>৪) অফিসার ইন-চার্জ, কলারোয়া থানা<br>৫) সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, কলারোয়া শাখা<br>৬) সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, কলারোয়া শাখা<br>৫) উপজেলা শিক্ষা অফিসার, কলারোয়া।<br>৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলারোয়া।<br>৯) জনাব মোঃ আবুল খায়ের, সহকারী অধ্যাপক, শেখ আমানুল্লাহ ডিগ্রী কলেজ, কলারোয়া।<br>১০) সভাপতি, পাবলিক ইন্সটিটিউট, কলারোয়া। |
| ৩ | ১৪/১২/২০২৩ সকাল ১০:৩০ টা | শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে দিবসটির তাৎপর্য তুলে ধরে উপজেলা পর্যায়ে স্কুল, কলেজ, মাদ্রসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশেষ আলোচনা সভা। | উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে। | ১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কলারোয়া।<br>২) উপজেলা শিক্ষা অফিসার, কলারোয়া।<br>৩) স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ। |

চলমান পাতা-০২

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | ১৪/১২/২০২৩ সন্ধ্যা ৬.০০ টা | শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে শহীদ মিনারে হাজার মোমবাতি প্রজ্জ্বলন। | কলারোয়া সরকারি জি.কে.এম.কে পাইলট হাইস্কুল ফুটবল মাঠস্থ শহীদ মিনার | ১) মেয়র, কলারোয়া পৌরসভা, সাতক্ষীরা।<br>২) সহকারী কমিশনার (ভূমি), কলারোয়া।<br>৩) সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, কলারোয়া।<br>৪) সাধারণ সম্পাদক, পাবলিক ইনস্টিটিউট, কলারোয়া। |

অন্যান্য সিদ্ধান্তবলী:

০৫। বর্ণিত দিবস উপলক্ষ্যে ৩ নম্বর কর্মসূচিতে উল্লিখিত আলোচনাসভা অনুষ্ঠান নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা শিক্ষা অফিসার, কলারোয়া, সাতক্ষীরাদ্বয়-কে অনুরোধ করা হয়।

০৬। শহিদ বুদ্ধিজীবী দিবস-২০২৩পালন উপলক্ষ্যে উপজেলা পরিষদ অডিটরিয়ামে আয়োজিত আলোচনা সভার স্থলে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখতে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অফিসার ইনচার্জ, কলারোয়া থানাকে অনুরোধ করা হয়।

০৭। শহিদ বুদ্ধিজীবী দিবস-২০২৩ পালন উপলক্ষ্যে কর্মসূচিতে বর্ণিত স্থান সমূহ উপজেলার প্রধান প্রধান সড়ক, উপজেলার পরিষদ চত্বর এবং কলারোয়া সরকারি জি.কে.এম.কে পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের ফুটবল মাঠস্থ শহীদ মিনারটি পরিষ্কার-পরিচ্ছন্ন রাখাসহ শহীদ মিনারে লাইট স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, কলারোয়া পৌরসভা, সাতক্ষীরাকে অনুরোধ করা হয়।

০৮। বর্ণিত দিবসের সমগ্র অনুষ্ঠানে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, কলারোয়া জোনাল অফিস, সাতক্ষীরাকে অনুরোধ করা হয়।

০৯। শহিদ বুদ্ধিজীবী দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে উপজেলা পরিষদ চত্বরে পানি দিয়ে ধুলা নিবারণ করার জন্য স্টেশন অফিসার,ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, কলারোয়া, সাতক্ষীরাকে অনুরোধ করা হয়।

১০। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, ১৪ ডিসেম্বর শহিদ বুদ্ধিজীবী দিবস আমাদের জাতীয় জীবনে গুরুত্বপূর্ণ একটি দিন যা মর্মস্পর্শী ও বেদনার স্মৃতিকে ধারণ করে আছে। এ দিনের হত্যাকান্ড ছিল পৃথিবীর ইতিহাসে জঘন্যতম এক বর্বর ঘটনা। তিনি শহিদদের আত্মত্যাগের কথা স্মরণ করে দিবসটি যথাযথভাবে অত্যন্ত গুরুত্বের সাথে পালন করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/১১/২০২৩
(কৃষ্ণা রায়)
উপজেলা নির্বাহী অফিসার
কলারোয়া,সাতক্ষীরা।
ফোন-০২৪৭৭-৭৪৩২১১ (অফিস)
ই-মেইল: unokalaroa@mopa.gov.bd

স্মারক নং- ০০.৪৪.৮৭৪৩.০০৪.২৭.০০২.২৩-১৬২১ তারিখঃ ২৯ নভেম্বর ২০২৩।

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। অধ্যক্ষ, কলারোয়া সরকারি কলেজ, কলারোয়া, সাতক্ষীরা।
২। মেয়র, কলারোয়া পৌরসভা।
৩। সহকারী কমিশনার (ভূমি), কলারোয়া, সাতক্ষীরা।
৪। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ/কৃষি/মৎস্য/প্রাণি সম্পদ অফিসার, কলারোয়া, সাতক্ষীরা।
৫। অফিসার ইন-চার্জ, কলারোয়া থানা।
৬। উপজেলা ------------------------------------------------------------অফিসার, কলারোয়া, সাতক্ষীরা।
৭। চেয়ারম্যান------------------------------------------(সকল) ইউপি, কলারোয়া, সাতক্ষীরা।
৮। সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কলারোয়া উপজেলা কমান্ড, কলারোয়া, সাতক্ষীরা।
৯। সভাপতি/সম্পাদক----------------------------------------------------কলারোয়া, সাতক্ষীরা।
১০। ডিজিএম, সাতক্ষীরা পল্লী বিদ্যুৎ সমিতি, কলারোয়া জোনাল অফিস, কলারোয়া, সাতক্ষীরা।
১১। প্রধান শিক্ষক, কলারোয়া সরকারি জিকেএমকে পাইলট/কলারোয়া গার্লস পাইলট মাধ্যমিক বিদ্যালয়,কলারোয়া,সাতক্ষীরা।
১২। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, কলারোয়া, সাতক্ষীরা।
১৩। জনাব------------------------------------------------------------, কলারোয়া, সাতক্ষীরা।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে।
(০১) জনাব এ্যাড. মুস্তফা লুৎফুল্লাহ, মাননীয় সংসদ-সদস্য, ১০৫- সাতক্ষীরা-১।
(০২) বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
(০৩) জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, সাতক্ষীরা।
(০৪) পুলিশ সুপার, সাতক্ষীরা।
(০৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলারোয়া, সাতক্ষীরা।
(০৬) মেয়র, কলারোয়া পৌরসভা।
(০৭) ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলারোয়া, সাতক্ষীরা।
(০৮) ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, কলারোয়া, সাতক্ষীরা।

২৯/১১/২০২৩
উপজেলা নির্বাহী অফিসার
কলারোয়া, সাতক্ষীরা।